

সম্পূর্ণ বিনামূল্যে সকলের জন্য গুণগত শিক্ষা



শিক্ষকের সঙ্গে কথা বলো

১৮০০ ৮৯০ ৬০০৬

শ্রেণী

৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১২

বিষয়

ভৌতবিজ্ঞান/ পদার্থবিদ্যা/ রসায়নবিদ্যা,
জীবনবিজ্ঞান, অঙ্ক, ইংরেজি, ভূগোল



উদ্দেশ্য

সহজ পাঠ নলেজ ফাউন্ডেশন (SPKF), একটি অলাভজনক সংস্থা, ক্লাউড ভিত্তিক IVRS পদ্ধতির মাধ্যমে শিক্ষার সুযোগের ক্ষেত্রে পিছিয়ে থাকা স্কুল পড়ুয়াদের সঙ্গে অভিজ্ঞ এবং উৎসাহী শিক্ষকদের সেতুবন্ধনের লক্ষ্য নিয়ে অধ্যাপক সমীর কুমার ব্রহ্মচারীর নেতৃত্বে ৮ মে, ২০১৬-এ প্রতিষ্ঠিত হয়।

এই সংস্থার প্রাথমিক উদ্দেশ্য হল ভবিষ্যত প্রতিভা, কৌতূহলী এবং সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সন্ধান করা এবং তাদের বৃত্তি সহ বিনামূল্যে শিক্ষাগত সহায়তা প্রদান করা।

এই প্রকল্পের মূল উদ্দেশ্য হলো শহরতলি ও প্রত্যন্ত গ্রামাঞ্চলের সেই সব শিক্ষার্থীদের উন্নত প্রযুক্তি ও আঞ্চলিক ভাষায় প্রয়োজনীয় জিনিসের সাহায্যে বিভিন্ন সুযোগ করে দেওয়া, যারা সরাসরি শিক্ষক-শিক্ষিকাদের থেকে সাহায্য পায়না।

ছাত্রবৃত্তি

সহজ পাঠ, টিচার-অন-কল প্রকল্পে অংশগ্রহণকারী কিছু উদ্যমী শিক্ষার্থীদের চিহ্নিত করে এবং তাদের উজ্জ্বল অধ্যয়নের উপস্থাপনার ভিত্তিতে তাদের লক্ষ্যপূরণের জন্য কয়েকজনকে বৃত্তি প্রদান করেছে।

সহজ পাঠ নীচে উল্লিখিত তিন ধরনের বৃত্তি প্রদান করে:

- ❖ সহজ পাঠ - অজয় কুমার ব্রহ্মচারী বৃত্তি হলো পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত গণিত বিষয়ে বিশেষ আগ্রহ আছে এমন পড়ুয়াদের জন্য।
- ❖ সহজ পাঠ - অসিত কুমার গাঙ্গুলী বৃত্তি হলো নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ৯০%-এর বেশি নম্বর প্রাপ্ত পড়ুয়াদের জন্য।
- ❖ সহজ পাঠ - অমৃত শান্তি ব্রহ্মচারী বৃত্তি হলো সেইসব শিক্ষার্থীদের ক্যারিয়ার এর অগ্রগতির জন্য যারা অর্থনৈতিকভাবে অস্বচ্ছল কিন্তু অত্যন্ত মেধাবী এবং বি.টেক, কম্পিউটার সাইন্স অথবা এই ধরনের উচ্চ শিক্ষা গ্রহণ করছে।

টিচার অন কল

সহজ পাঠ টিচার অন কল পরিষেবা পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বাংলা মাধ্যমের শিক্ষার্থীদের একটি টোল-ফ্রি টেলিফোনিক মাধ্যম ব্যবহার করে সম্পূর্ণ বিনামূল্যে শিক্ষাগত সহায়তা প্রদান করে যেখানে শিক্ষার্থীদের কল করার জন্য কোনো ইন্টারনেট বা স্মার্ট ফোনের প্রয়োজন নেই। নিবন্ধিত শিক্ষার্থীরা তাদের প্রশ্নের দ্রুত এবং কার্যকরী সমাধান পেতে সহজ পাঠের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের সাথে সরাসরি যুক্ত হতে পারে।

এই প্রকল্পটি ক্লাউড ভিত্তিক IVRS পদ্ধতির মাধ্যমে শতাধিক অভিজ্ঞ উৎসাহী অনুরাগী স্বেচ্ছাসেবী শিক্ষক-শিক্ষিকাদের দ্বারা সমর্থিত যারা বিভিন্ন ক্ষেত্র থেকে যোগ দিয়েছেন যেমন - স্কুল শিক্ষক, অধ্যাপক, অবসরপ্রাপ্ত বিজ্ঞানী, অবসরপ্রাপ্ত পেশাদার ব্যক্তি এবং সুদক্ষ শিক্ষিত গৃহিণী।

পরিষেবার সময়

সোমবার থেকে শনিবার

সকাল ৯টা থেকে দুপুর ১টা এবং বিকেল ৪টে থেকে রাত্রি ১০টা

রবিবার

সকাল ৯টা থেকে রাত্রি ১০টা

তুমি যদি এই পরিষেবা নিতে চাও, **অবিলম্বে যোগ দাও**

সহজ পাঠ নলেজ ফাউন্ডেশন (একটি অলাভজনক সংস্থা)

যোগাযোগ: ৭৬০ ৩০৩ ৮৩৮৩ / ৯৩৩ ০৭৫ ১০৪৯

ওয়েবসাইট: www.sahajpathonline.org

ইমেল: contact@sahajpathonline.org

শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে শিক্ষার্থীর কথোপকথনের সব খরচ সহজ পাঠ বহন করে।